

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date: 07-11-2025

Time : 1-40 PM

DEO : KB

Desk in Charge : KL

Compiling : NBR

NRT : NBR

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে জাতীয় স্তোত্র বন্দে মাতারমের ১৫০ বছর পূর্ণ উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠানের সূচনা করেছেন।

(ইনসার্ট- গান)

এই উপলক্ষে প্রধানমন্ত্রী একটি স্মারক ডাকটিকিট ও মুদ্রা প্রকাশ করেন। vandemataram150.in পোর্টালেরও সূচনা করেন প্রধানমন্ত্রী। এই পোর্টালের মাধ্যমে নাগরিকরা এই স্তোত্র গেয়ে এই ভিডিও আপলোড করতে পারবেন এবং একটি শংসাপত্র লাভ করবেন।

জাতীয় রাজধানী অঞ্চলের ইন্দিরা গান্ধী ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেন, বন্দেমাতরম হলো একটি মন্ত্র, একটি শক্তি একটি স্বপ্ন এবং একটি সকল্প। এই মন্ত্র ইতিহাসে ফিরিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি বর্তমানকে আত্মবিশ্বাস যোগায় এবং ভবিষ্যতের জন্য সাহস সঞ্চার করে। বিশ্বাস করতে শেখায় যে এমন কোনো স্বপ্ন নেই যা অর্জন করা যায় না। বন্দেমাতরমের মূল ভাবনা হলো ভারতমাতা। প্রধানমন্ত্রী বলেন, গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর একবার বলেছিলেন বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের আনন্দমঠ শুধুমাত্র কোনো উপন্যাস নয়। আত্মনির্ভর ভারত গঠনের এক স্বপ্ন। বক্ষিম চন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই উপন্যাসের প্রতিটি শব্দের গভীর অর্থ রয়েছে। যুগে যুগে এই স্তোত্র প্রাসঙ্গিক হয়ে থাকবে।

(বাইট- মোদী বন্দেমাতরম আনন্দমঠ)

সারা দেশের সঙ্গে এরাজ্যও আজ বন্দেমাতরম গানের সার্ধশতবর্ষ উদযাপিত হচ্ছে। এই উপলক্ষে সল্টলেকে বিজেপির কার্যালয়ে রাজ্য সভাপতি শ্রমীক ভট্টাচার্য সহ দলের নেতাকর্মীরা প্রধানমন্ত্রীর বক্তব্য শোনেন। এক্ত হ্যান্ডলে রাজ্য সভাপতি বলেন, বন্দে মাতরম শুধুমাত্র একটি শব্দবন্ধ নয় এটি একটি মন্ত্র। এই মন্ত্র হাজার হাজার বিপ্লবীকে জাতীয়তাবাদে উদ্বৃদ্ধ করেছিল এবং সীমান্তে পাহারারত সেনাদের উদ্বৃদ্ধ করে। এই মন্ত্র দেশকে বন্দনা করার মন্ত্র।

উল্লেখ্য, বন্দেমাতরমের সার্ধশতবর্ষ উপলক্ষ্যে রাজ্য বিজেপি, নানা কর্মসূচি গ্রহণ করেছে। সূচনা হবে একমাস ব্যাপি কর্মসূচির। বিকেল ৫টায় রাজ্যের প্রতিটি মন্ডলে পূর্ণাঙ্গ বন্দেমাতরম্ গাওয়া হবে বলে রাজ্য বিজেপি সভাপতি শ্রমীক ভট্টাচার্য জানিয়েছেন। পাশাপাশি প্রজ্ঞালিত করা হবে ১৫০ টি প্রদীপ। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুনীল বনসল, কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব, প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সহ দলের নেতারা বিভিন্ন জেলায় এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন। ভুগলীর চুঁচুড়ার জোড়াঘাটে বন্দেমাতরমের রচনাস্থলের ভবনটিতে আয়োজন করা হয়েছে বিশেষ অনুষ্ঠানের।

উত্তর ২৪ পরগণার নৈহাটির বক্ষিম ভবন গবেষণা কেন্দ্র এবং সংগ্রহশালায় একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে বলে রাজ্য বিজেপির মুখ্যপাত্র দেবজিৎ সরকার এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন।

‘রাজ্য সরকার’ও বন্দে মাতরম্-এর সার্ধ শতবর্ষ উপলক্ষ্যে একটি উদ্যাপন কমিটি গঠনের কথা ঘোষণা করেছে।

সল্টলেকে বিজেপির কার্যালয়ে উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। সল্টলেকের পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষার্থীদের সঙ্গে সম্মিলিত বন্দেমাতরম গানে অংশ নেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বন্দে মাতরম-এর সার্ধশতবর্ষে সমগ্র দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক্র হ্যান্ডেলে তিনি বলেন, স্বাধীনতার যুগের বীর শহীদদের ত্যাগ ও আত্মবলিদানের সঙ্গে জড়িয়ে থাকা এই সুর সবার মধ্যে অদম্য সাহস, আত্মবিশ্বাস ও দেশপ্রেম জাগিয়ে তোলে। বন্দে মাতরম দেশের প্রতি সংকল্প, ভালোবাসা এবং দেশবাসীর আত্মপরিচয় বহন করে। শতাধিক বছর পেরিয়েও বন্দেমাতরমের শক্তি আবেগ ও অনুপ্রেরণা আজও অল্পান ও অমর। শ্রী মজুমদার এই পবিত্র দিনে প্রত্যেককে দেশের মর্যাদা স্বাধীনতা সংবিধান সংস্কৃতি ও গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষার লড়াইয়ে অবিচল থাকার আবেদন জানিয়েছেন।

নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষের তরফে আজ সকালে বন্দেমাতরম রচনার ১৫০ তম বছর উদযাপন করা হয়। বিমানবন্দরের ডিরেক্টর বিক্রম সিং সহ সকল কর্মী ও যাত্রীরা সমবেত কঢ়ে বন্দেমাতরম সঙ্গীত গান।

বাগড়োগরা বিমানবন্দরের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিরেক্টর আরিফ মহম্মদ।

আকাশবানী কলকাতা কেন্দ্রেও আয়োজিত হয় বন্দেমাতরমের সমবেত সংগীত। যোগ দেন প্রোগ্রাম হেড মিতালী দত্ত সহ অন্যান্য কর্মী আধিকারিকরা।

রাজ্যের সামাজিক সুরক্ষামূলক প্রকল্পগুলির অগ্রগতি পর্যালোচনায় করতে বৈঠকে বসেছেন মুখ্যসচিব মনোজ পন্থ। সকাল ১১টা থেকে রাজ্যের জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল ওই বৈঠক শুরু হয়েছে। মূলত জল জীবন মিশন, আবাস যোজনা এবং পথন্বী প্রকল্পের কাজের গতি নিয়েই এই পর্যালোচনা বৈঠক আলোচনা চলেছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

প্রশাসনিক সূত্রে জানা গেছে, ডিসেম্বর মাস থেকেই আবাস প্রকল্পের অধীনে আরও ১৬ লক্ষ উপভোক্তাকে অর্থ সাহায্য দেওয়া হবে। ইতিমধ্যেই পথন্বী প্রকল্পের জন্য অর্থ বরাদ্দ করেছে রাজ্য সরকার। এ দিন জেলার প্রকল্পগুলির অগ্রগতি কর্তৃপক্ষ, সেই রিপোর্ট মুখ্যসচিবের কাছে তুলে ধরা হবে।

এ ছাড়াও আবাস প্রকল্পের সমীক্ষা কোথায় পর্যন্ত পৌঁছেছে, তাও খতিয়ে দেখা হবে এই বৈঠকে। নবান্নের নির্দেশ, নির্ধারিত সময়সীমার মধ্যেই সমস্ত প্রকল্পের কাজ শেষ করতে হবে।

রাজ্য একশো দিনের কাজ অবিলম্বে শুরু করার জন্য কেন্দ্রকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। কেন্দ্রের অ্যাডিন্যাশানাল সলিসিটর জেনারেল অশোক চক্রবর্তী এই প্রকল্প শুরু করার ক্ষেত্রে কোনো আইনী বাধা নেই বলার পরই ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল এই নির্দেশ দেন।

তবে একশো দিনের (MGNREGA) কাজে শ্রমিকদের পাওনা অর্থ কেন্দ্র কিভাবে মেটাবে সে বিষয়ে কেন্দ্রকে চার সপ্তাহের মধ্যে রিপোর্ট দিয়ে তাদের বক্তব্য জানাতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। তারপরের দু'সপ্তাহের মধ্যে মামলাকারীদের কে পালটা বক্তব্য জানাতে হবে। ছয় সপ্তাহ পরে ফের শুনানি এই মামলার।

এদিন শুনানিতে মামলাকারী ও রাজ্যের পক্ষ থেকে জানানো হয় ২০২২ সাল থেকে শ্রমিকদের মজুরি বাবদ ৪৫৬৮ কোটি টাকা বকেয়া রয়েছে।

সুপ্রিমকোর্ট চলতি বছরের ২৭ অক্টোবর কেন্দ্রকে নির্দেশ দিয়েছে অবিলম্বে এই প্রকল্পের কাজ শুরু করতে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ অবিলম্বে কেন্দ্রকে একশো দিনের কাজ শুরু করতে নির্দেশ দিয়েছেন।

কৃষকদের ফসলের ন্যূনতম সহায়ক মূল্য সুনিশ্চিত করা, কৃষি ঋণ মকুব করা সহ একগুচ্ছ দাবি নিয়ে বর্ধমান শহরের রবীন্দ্র ভবনে আজ থেকে শুরু হচ্ছে পশ্চিমবঙ্গ প্রাদেশিক কৃষকসভার ৩৮ তম রাজ্য সম্মেলন। চলবে ৯ ই নভেম্বর পর্যন্ত। বর্ধমানের পারবিরহাটা অঞ্চলের উৎসব ময়দানে দুপুর আড়াইটোয় প্রকাশ্য সমাবেশের মধ্যে দিয়ে শুরু হবে সম্মেলনের কাজ। সমাবেশে উপস্থিত থাকবেন, কৃষক সভার সর্বভারতীয় সাধারণ সম্পাদক বিজু কৃষ্ণাণ, সাংসদ অমরা রাম, সর্বভারতীয় নেতৃত্ব হান্নান মোল্লা সহ সংগঠনের অন্যান্য রাজ্য ও জাতীয় স্তরের নেতা, কর্মী ও সমর্থকরা।

কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের দ্বিতীয় দিনের প্রথম ছবি ঋত্বিক ঘটকের তিতাস একটি নদীর নাম প্রদর্শন শুরু হয়েছে। ছবিটি শুরু হওয়ার আগে স্মৃতিচারণ করেন এই ছবির প্রযোজক হাবিবুর রহমান। পরিচালকের সব ছবির মধ্যে একমাত্র তিনিই জীবিত আছেন। উপস্থিত ছিলেন বাংলাদেশ ডেপুটি হাই কমিশনের ডেপুটি কমিশনার আশরফুর রহমান এবং উৎসব কমিটির চেয়ারম্যান পরিচালক গৌতম ঘোষ।

সত্যজিৎ রায় স্মারক বক্তৃতা দেন পরিচালক রমেশ সিঙ্গি। তিনি বলেন, গত ৭৫ বছরের ভারতের রাজনৈতিক ইতিহাস প্রমাণ করে পৃথিবীর মধ্যে ভারতের গণতন্ত্র সঠিক পথে এগোচ্ছে। শোলে সিনেমায় ইমামের চরিত্রের উল্লেখ করেন। তিনি বলেন,

বন্দেমাতরম সঙ্গীতের দেড়শ বছর পূর্তি উপলক্ষে নন্দন তিনে আজ দেখানো হবে ১৯৫২ সালে হেমেন গুপ্ত পরিচালিত ছবি আনন্দমঠ। এছাড়াও থাকছে চলচ্চিত্র বিষয়ক নানা আলোচনা ও সিনে আড়ডা। কলা নৈপুণ্য এবং বাণিজ্যের সার্থক মেলবন্ধনেই ভালো সিনেমা তৈরি হতে পারে। এই প্রসঙ্গে তিনি কলকাতা মুস্বাই যৌথ উদ্যোগে এ রাজ্যে নতুন প্রকল্প শুরুর জন্য আগ্রহ প্রকাশ করেন।

(বাইট- রমেশ সিঙ্গি)
